২৪

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 22 JUL 1997... ...
পৃষ্ঠা ১২ ... কলাম ৬ ......

# টেক্সটবুক বোর্ড অফিস ঘেরাও

ইত্তেফাক রিপোর্ট॥ গতকাল কয়েকশত পুস্তক বাঁধাই শ্রমিক মতিঝিলে জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ড অফিস ঘেরাও করে। তাহারা বোর্ডের চেয়ারম্যানের বিরুদ্ধে বিভিন্ন শ্লোগান দেয়। এবার বোর্ডের পুস্তক প্রকাশনা ও বাঁধাই-এর কাজ শুধুমাত্র প্রকাশকদের প্রদান করায় পুস্তক বাঁধাই শ্রমিকদের একটি বিরাট অংশ বেকারত্বের সম্মুখীন হইয়াছে। পুস্তক বাঁধাই শ্রমিকরা অভিযোগ করে যে, টেক্সটবুক বোর্ডের চেয়ারম্যান দীর্ঘদিনের ব্যবস্থা পরিবর্তন করিয়া প্রকাশকদের উপর পুস্তক বাঁধাইয়ের দায়িত্ব অর্পণ করায় যে সংকট সৃষ্টি হইয়াছে উহার পরিণতিতে বোর্ডের পুস্তক প্রকাশনা অনিশ্চিত হইয়া পড়িয়াছে। গতকাল শ্রমিকরা সকাল ৭টা হইতে সন্ধ্যা ৭টা পর্যন্ত বোর্ড অফিস ঘেরাও করিয়া রাখে। চেয়ারম্যান অপরাহ্নে একবার অফিসে আসেন এবং সকলের অলক্ষ্যে কিছুক্ষণের মধ্যেই সরিয়া পড়েন।